

রাজশাহী বিশ্ববিদ্যালয়
যৌন হয়রানির
অভিযোগে শিক্ষক
ও প্রশিক্ষক বরখাস্ত

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

যৌন হয়রানির অভিযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাওন উদ্দিন ও ছাত্র-শিক্ষক সংস্কৃতি কেন্দ্রের (টিএসসিসি) প্রশিক্ষক সারোয়ার হোসেনকে বরখাস্ত করা হয়েছে। গত মোমবার ও মঙ্গলবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ৪৫০তম সিন্ডিকেট বৈঠকে ওই সিদ্ধান্ত নেওয়া হয়।

সিন্ডিকেটের সদস্যরা জানান, গত বছরের সেপ্টেম্বর মাসে প্রোগ্রামের ছাত্রীদের সম্পর্কে অশালীন মন্তব্য করেন শাওন উদ্দিন। বিভাগের শিকারীরা তাঁর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন-বিরোধী সেলের কাছে অভিযোগ দেন। এর পরিপ্রেক্ষিতে তদন্ত সাপেক্ষে যৌন নিপীড়নবিরোধী সেল নৈতিক মূল্যের অভিযোগে ২০১০ সালের যৌন নিপীড়নবিরোধী নীতিমালা অনুযায়ী শাওনকে চাকরি থেকে বরখাস্ত করার সুপারিশ করে। ওই সুপারিশের পরিপ্রেক্ষিতে তাঁকে বরখাস্তের সিদ্ধান্ত নেয় সিন্ডিকেট।

অন্যদিকে এক শিক্ষকের বাসায় এক ছাত্রীকে সংগীত প্রশিক্ষণ দেওয়ার সময় টিএসসিসির প্রশিক্ষক সারোয়ারের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায় সিন্ডিকেট তাঁকেও বরখাস্তের সিদ্ধান্ত নেয়।

সিন্ডিকেট সদস্য অধ্যাপক নজরুল ইসলাম বলেন, তদন্ত কমিটির প্রতিবেদন ও সুপারিশ অনুযায়ী শিক্ষক শাওন উদ্দিন এবং টিএসসিসির প্রশিক্ষক সারোয়ার হোসেনকে বরখাস্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় কমিটির সদস্য মাহবুবা কানিজ বলেন, 'যৌন হয়রানির মাধ্যমে দুজনকে শাস্তি দেওয়ায় বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানির ঘটনাগুলো কমে আসবে বলে আমি মনে করি।'

শান্তির ব্যাপারে শাওন উদ্দিন বলেন, 'এ অভিযোগে এর আগে বিভাগের পক্ষ থেকে সঠিক ব্যাচের একাডেমিক কার্যক্রম থেকে আত্মকে অব্যাহতি দেওয়া হয়। ওই শাস্তি চলমান থাকার পরও উদ্দেশ্যপ্রণোদিতভাবে নতুন করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আনুষ্ঠানিক কাগজ পেলে এ ব্যাপারে পদক্ষেপ নেব। সারোয়ারের মুঠোফোন বন্ধ থাকায় তাঁর বক্তব্য পাওয়া যায়নি।'